

NOTRE DAME COLLEGE

P.O. Box No. 5

Motijheel, Dhaka-1000

Bangladesh


Date: November 25, 2024

শিক্ষার শান্তিময় ও সুষ্ঠু পরিবেশ চাই

আমরা নটর ডেম পরিবার দেশজুড়ে শিক্ষা প্রতিষ্ঠানে চলমান অস্থিরতা, বিশৃঙ্খলা এবং হামলা-প্রতিহামলার ঘটনার জন্য গভীর উদ্বেগ ও দুঃখ প্রকাশ করছি। আমরা একটি সুন্দর ও শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ কামনা করি, যেখানে আমাদের শিক্ষার্থীরা নির্বিঘ্নে সুষ্ঠুভাবে শিক্ষা গ্রহণ করতে পারে। গত কয়েকদিনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ঘটে যাওয়া অপ্রীতিকর ঘটনাগুলো দ্রুত ও শান্তিপূর্ণভাবে সমাধান প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষ এবং দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের দায়িত্বশীল ও কার্যকর ভূমিকা অত্যন্ত জরুরি।

নটর ডেম কলেজ দ্ব্যর্থহীনভাবে ঘোষণা করতে চায় যে, যদি আমাদের কোনো শিক্ষার্থী এসকল ঘটনায় সম্পৃক্ত থাকে, তবে তাকে কলেজের শৃঙ্খলাবিরোধী কার্যক্রমে অংশগ্রহণ করার অভিযোগে অভিযুক্ত করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। আমাদের কাছে প্রাপ্ত তথ্য অনুযায়ী আমরা ইতোমধ্যেই এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছি।

হিংসা, রক্তপাত এবং ভাঙচুর কোনো সমস্যার সমাধান হতে পারে না, শিক্ষার্থীরা কেউ কারো প্রতিপক্ষ নয় বরং পরস্পরের বন্ধু। তাই, আমরা সবাইকে উদাত্ত আহ্বান জানাই - আসুন, আমরা সবাই শান্ত থাকি এবং সবার প্রতি সহযোগিতার হাত প্রসারিত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখি।


অধ্যক্ষ

নটর ডেম কলেজ, ঢাকা